

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ১৪, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা
প্রজ্ঞাপন

তারিখ : ২৫ আশ্বিন, ১৪২৮ বঙ্গাব্দ/১০ অক্টোবর, ২০২১ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং ৩১৫-আইন/২০২১।—স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৩ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, কুড়িগ্রাম জেলার রৌমারী উপজেলা সদরে পৌরসভা গঠনের লক্ষ্যে উক্ত উপজেলাধীন নিম্ন তফসিলভুক্ত পল্লী এলাকাসমূহকে এতদ্বারা শহর এলাকা ঘোষণার অভিপ্রায় ব্যক্ত করিল, যথা :—

তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে.এল. নং	দাগ নং
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১।	রৌমারী সদর	রৌমারী	২১	০১-৯১৫২
২।	রৌমারী সদর	রৌমারী আলগা	২২	০১-১২৭, ১৮৪-৩৭১
৩।	রৌমারী সদর	চুলিয়ার চর	২৩	৭৬১-৭৮১, ৭৯৬-৮১০, ৮৪৫, ৮৪৭- ৯১৬, ৯১৮-৯২২, ৯২৫-৯৪৪, ১৩০৫- ১৩৪৬, ১৩৫১-১৩৫৩, ১৩৫৫, ১৩৫৬, ১৩৫৯, ১৩৬২-১৪১৩
৪।	বন্দবেড়	জিঞ্জীকান্দি	১৬	১-৩৯৮

(১৫১৭৩)

মূল্য : টাকা ৪.০০

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে.এল. নং	দাগ নং
(১)	(২)	(৩)	(৪)	(৫)
৫।	বন্দবেড়	বন্দবেড়	১৫	৮০১-১৯১১, ৩৫০১-৪৮৮০
৬।	শৌলমারী	বাউশমারী	২০	১৫০১-১৯৫৪, ১১১-১১৩, ৫০০-৫৮৪, ৬০৩-৬১৪, ৮৫৭-৮৯৫
৭।	শৌলমারী	শৌলমারী	১৯	৭০০১-৭৭৮৯, ৬১৭৮-৬১৮৭, ৬২০০- ৬২৭৭, ৬২৯১-৬৩১০, বাটা দাগ নং ৬৬১৪, ৬৬১৮, ৬৬১৯
৮।	শৌলমারী	টালুয়ার চর	১৭	১০৭৮-১১৮৩

২। উক্ত আইনের ধারা ৩ এর উপ-ধারা (৩) এর বিধান মোতাবেক উপরি-উক্ত পল্লী এলাকাসমূহকে শহর এলাকা ঘোষণার অভিপ্রায় সংক্রান্ত এই প্রজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ হইতে অনূর্ধ্ব ১ (এক) মাসের মধ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ উক্তরূপ অভিপ্রায় প্রস্তাবের বিরুদ্ধে সরকারের বরাবরে লিখিত আপত্তি উত্থাপন করিতে পারিবে এবং ধারা ৩ এর উপ-ধারা (৪) এর বিধান মোতাবেক সরকার উক্তরূপে উত্থাপিত আপত্তি ৩ (তিন) মাসের মধ্যে নিষ্পন্ন করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ফারজানা মান্নান
উপসচিব।